

## নির্বাচন কমিশন

বাংলাদেশ

নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা

[www.ec.org.bd](http://www.ec.org.bd)

নির্বাচন অধ্যক্ষিকার  
অতি জরুরি

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০২.১৫(অংশ-১)-১১৪

তারিখঃ ১৯ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ  
০১ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

প্রাপক: সভাপতি/সাধারণ সম্পাদক  
.....(সকল নিবন্ধিত রাজনৈতিক দল)

বিষয়: উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন ও উপ-নির্বাচনে চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরসহ তালিকা সরবরাহ প্রসঙ্গে

প্রিয় মহোদয়,

মাননীয় নির্বাচন কমিশন ০৬ মার্চ ২০১৬ তারিখে ০৩টি উপজেলা পরিষদের সাধারণ নির্বাচনের তফসিল ঘোষণা করেছেন এবং ১৫টি উপজেলা পরিষদের শূন্য চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান পদে উপ-নির্বাচনের জন্য নির্দেশনা প্রদান করেছেন (তালিকা সংযুক্ত)। উক্ত নির্বাচনে অংশগ্রহণের জন্য স্থানীয় সরকার উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩এর বিধি ১৫ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ দফা (ইইই) নিম্নরূপ:

“(ইইই) রাজনৈতিক দলের চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান পদের প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাহাদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত এই মর্মে একটি প্রত্যয়নপত্র থাকিতে হইবে যে, উক্ত প্রার্থীকে উক্ত দল হইতে মনোনয়ন দেওয়া হইয়াছে:


তবে শর্ত থাকে যে, কোন রাজনৈতিক দল কোন উপজেলা পরিষদে চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান পদে একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবে না। একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিলে সংশ্লিষ্ট উপজেলা পরিষদে উক্ত দলের প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে:

আরও শর্ত থাকে যে, সংশ্লিষ্ট রাজনৈতিক দল উহার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবি, নমুনা স্বাক্ষরসহ একটি পত্র তফসিল ঘোষণার ০৭ (সাত) দিনের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট এবং উক্ত পত্রের একটি অনুলিপি নির্বাচন কমিশনেও প্রেরণ করিবে।”

০২। বর্ণিতব্যস্থায়, উল্লিখিত উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন ও উপ-নির্বাচনে অংশগ্রহণ করতে ইচ্ছুক নিবন্ধিত রাজনৈতিক দলসমূহকে উক্ত বিধি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি:

- (১) উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন এবং শূন্য পদে উপ-নির্বাচনের প্রজ্ঞাপন নির্দেশনার ছায়াছবি।
- (২) স্থানীয় সরকার উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (সর্বশেষ হালনাগাদকৃত)
- (৩) স্থানীয় সরকার উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর সংশ্লিষ্ট অংশ

  
(মোহাম্মদ আশফারুর রহমান)  
সহকারী সচিব  
ফোন: ৯১৮০৯২৫


নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০২.১৫(অংশ-১)-১১৪

তারিখঃ ১৯ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ  
০১ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৬. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,.....(সংশ্লিষ্ট)
৮. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার জন্য অনুরোধ করা হল]
৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, .....(সংশ্লিষ্ট জেলা)
১০. রিটার্নিং অফিসার, ..... (সংশ্লিষ্ট)
১১. উপজেলা নির্বাহী অফিসার,.....(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
১২. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
১৩. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব ....., নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
১৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
১৫. উপজেলা নির্বাচন অফিসার, .....(সংশ্লিষ্ট উপজেলা) ও সহকারী রিটার্নিং অফিসার
১৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা,....., (সংশ্লিষ্ট থানা)

  
 (মোহাম্মদ আশফাকুর রহমান)  
 সহকারী সচিব